আস্‌সোয়ালা-তু ওয়াস্‌সালা-মু 'আলায়কা ইয়া- জাদ্দাল্ হাসানি ওয়াল্ হুসায়নি।

দুরূদ ও সালাম বর্ষিত হোক আপনার উপর হে হাসান-হোসাইনের নানা!

الصَّلَاةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا سَيِّدَ الْأَخْرَيْنِ ۝

আস্‌সোয়ালা-তু ওয়াস্‌সালা-মু 'আলায়কা ইয়া- সাইয়্যিদাল্ আ-খিরী-না।

দুরূদ ও সালাম বর্ষিত হোক আপনার উপর হে পরবর্তীদের সরদার!

الصَّلَاةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا سَيِّدَ الْمُرْسَلِينَ ۝

আস্‌সোয়ালা-তু ওয়াস্‌সালা-মু 'আলায়কা ইয়া- সাইয়্যিদাল্ মুরসালী-না।

দুরূদ ও সালাম বর্ষিত হোক আপনার উপর হে রসূলগণের সরদার!

الصَّلَاةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا مُحِبَّ الْمَسَاكِينِ ۝

আস্‌সোয়ালা-তু ওয়াস্‌সালা-মু 'আলায়কা ইয়া- মুহিব্বাল্ মাসা-কী-নি।

দুরূদ ও সালাম বর্ষিত হোক আপনার উপর হে মিসকিনগণের প্রতি ভালবাসা প্রদর্শনকারী,

الصَّلَاةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا غِيَاثَ الْمِلَّةِ وَالِدَيْنِ ۝

আস্‌সোয়ালা-তু ওয়াস্‌সালা-মু 'আলায়কা ইয়া- গিয়া-সাল্‌ মিল্লাতি ওয়াদী-নি ।

দুরূদ ও সালাম বর্ষিত হোক আপনার উপর হে মিল্লাত ও ধর্মের সাহায্যকারী!

الصَّلَاةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا خَاتَمَ النَّبِيِّينَ ۝

আস্‌সোয়ালা-তু ওয়াস্‌সালা-মু 'আলায়কা ইয়া- খা-তামান্‌ নাবীয়ী-না ।

দুরূদ ও সালাম বর্ষিত হোক আপনার উপর হে সর্বশেষ নবী,

الصَّلَاةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا سَيِّدَ الْمُتَّقِينَ ۝

আস্‌সোয়ালা-তু ওয়াস্‌সালা-মু 'আলায়কা ইয়া- সাইয়্যিদাল্‌ মুত্তাক্বী-না ।

দুরূদ ও সালাম বর্ষিত হোক আপনার উপর হে পরহেয়গাদের সরদার!

الصَّلَاةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا شَفِيعَ الْمُذْنِبِينَ ۝

আস্‌সোয়ালা-তু ওয়াস্‌সালা-মু 'আলায়কা ইয়া- শা-ফী'আল্‌ মুয্‌নিবী-না ।

দুরূদ ও সালাম বর্ষিত হোক আপনার উপর হে হে গুনাহ্‌গারগণের সুপারিশকারী!

الصَّلَاةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا رَسُولَ رَبِّ الْعَالَمِينَ

আস্‌সোয়ালা-তু ওয়াস্‌সালা-মু 'আলায়কা ইয়া- রাসূ-লা রাবিবল 'আলা-মী-ন ।

দুরূদ ও সালাম বর্ষিত হোক আপনার উপর হে সারা জাহানের মালিকের রসূল!

দরূদে তাজ-এর ফযীলত

১. ফজরের নামাযের পর ৭ বার দরূদে তাজ পড়লে রুজী বৃদ্ধি পাবে এবং দ্রুত সম্পদশালী হবে ।
২. রাসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর দিদার লাভ করতে হলে জুমার রাতে চন্দ্র উঠার পর এশার নামাযের পর ওয়ূসহকারে পাক-খুশরুদার কাপড় পরে কেবলামুখী হয়ে বসে ১৭০ বার উক্ত দরূদ শরীফ পড়ে ঘুমাবে । পরপর ১১ রাতে এ আমল করলে রাসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর দিদার লাভে ধন্য হবে ।
৩. দারিদ্র, দুঃখকষ্ট এবং শত্রু ও অত্যাচারী শাসক থেকে রক্ষা পেতে এ দরূদ এশার নামাযের পর ৪০ দিন ৪১ বার করে পড়তে থাকবে ।
৪. অন্তরের পবিত্রতার জন্য এ দরূদ শরীফ ফজরের নামাযের পরে ৭ বার এবং আসর ও এশার নামাযের পরে ৩ বার পড়বে ।

89

দুরূদ-ই

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ۝

তাজ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়

اللَّهُمَّ صَلِّ عَلَى سَيِّدِنَا وَمَوْلَانَا

আল্লা-হুম্মা সল্লি 'আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না-

হে আল্লাহ! তুমি আমাদের সরদার এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ صَاحِبِ التَّاجِ وَالْمِعْرَاجِ

মুহাম্মাদিন্‌ সোয়া-হিবিত্‌ তা-জি ওয়াল্‌ মি'রা-জি

হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি শান্তি বর্ষণ করো, যিনি মুকুট, মি'রাজে

وَالْبُرَاقِ وَالْعَلَمِ ط دَافِعِ الْبَلَاءِ وَالْوَبَاءِ

ওয়াল্ বোরা-ক্বি ওয়াল্ 'আলামি। দাফ্ 'ইল বালা-ই ওয়াল্ ওয়াবা-ই
(যাওয়ার) বোরা-ক্বি আরোহন করার ও বাস্তার অধিকারী, যিনি বিপদ আপদ, অসুখ,

وَالْقَحْطِ وَالْمَرَضِ وَالْأَلَمِ ط إِسْمُهُ

ওয়াল্ ক্বাহতি ওয়াল্ মারাছি ওয়াল্ আলাম্। ইস্ মুহু-
দুর্ভিক্ষ ও রোগ, ব্যাধি হতে মুক্তি লাভের ওসীলা, যাঁর নাম

مَكْتُوبٌ مَرْفُوعٌ مَشْفُوعٌ مَنقُوشٌ فِي اللُّوحِ وَالْقَلَمِ ط

মাক্তূ-বুম্ মার্ফূ-উম্ মাশ্ফূ-উম্ মানক্ব-শন্ ফিল্ লাওহি ওয়াল্ ক্বালাম।
লওহে মাহ্ফুযে ও কলমে লিপিবদ্ধ, সমুন্নত, সংযোজিত ও অংকিত রয়েছে,

سَيِّدِ الْعَرَبِ وَالْعَجَمِ ط جِسْمُهُ مُقَدَّسٌ

সাইয়্যিদিল্ 'আরাবি ওয়াল্ 'আজাম। জিস্ মুহু- মুক্বাদাসুন
যিনি আরব এবং অনারবের সরদার, যাঁর শরীর সুগন্ধিময়, পুতঃপবিত্র

مَعَطَّرٌ مُطَهَّرٌ مُنَوَّرٌ فِي الْبَيْتِ وَالْحَرَمِ ط شَمْسِ الضُّحَى

মু'আত্ব্বারুম্ মুত্ব্বাহ্হারুম্ মুনাওয়ারুন্ ফিল্ বায়তি ওয়াল্ হারাম। শাম্ সিদ্দ্ব হুহা-
বায়তুল্লাহ্ ও হারাম শরীফে দ্বীপ্তিমান, যিনি দ্বি-প্রহরের সূর্য,

بَدْرِ الدُّجَى صَدْرِ الْعُلَى نُورِ الْهُدَى

বাদ্ রিদ্ দুজা- সাদ্ রিল্ 'উলা- নু- রিল্ হুদা-
পূর্ণিমার চাঁদ, সবচেয়ে বেশী মর্যাদার অধিকারী, হেদায়তের নূর,

كَهْفِ الْوَرَى مِصْبَاحِ الظُّلَمِ ط جَمِيلِ الشِّيمِ ط

কাহ্ ফিল্ ওয়ারা- মিস্বা-হিয্ য়ুলাম। জামী-লিশ্ শিয়াম।
সৃষ্টির আশ্রয়, গুহা, অন্ধকারের বাতি, সুন্দর চরিত্রের অধিকারী,

شَفِيعِ الْأُمَمِ ط صَاحِبِ الْجُودِ وَالْكَرَمِ ط

শাফী-'ইল্ উমাম। সোয়া-হিবিল্ জু-দি ওয়াল্ কারাম।
সকল উম্মতের সুপারিশকারী। দানবীর ও দানশীল।

وَاللَّهُ عَاصِمُهُ وَجَبْرِيْلُ خَادِمُهُ وَالْبُرَاقُ مَرْكَبُهُ

ওয়াল্লাহু 'আসিমুহু- ওয়া জিব্রী-লু খা-দিমুহু- ওয়াল্ বোরা-ক্বি মার্কাবুহু-
আর আল্লাহু যাঁর রক্ষাকারী এবং যাঁর খাদেম হলেন জিব্রাঈল, যাঁর বাহন হল বোরা-ক্বি।

وَالْمِعْرَاجُ سَفَرُهُ وَسِدْرَةُ الْمُنْتَهَى مَقَامُهُ وَقَابَ قَوْسَيْنِ

ওয়াল্ মি'রা-জু সাফারুহু- ওয়া সিদ্রাতুল্ মুন্তাহা- মাক্বামুহু- ওয়া ক্বা-বা
মি'রাজ যাঁর ভ্রমণ, সিদ্রাতুল্ মুন্তাহা যাঁর স্থান, ক্বা-বা ক্বাওসাউন

مَطْلُوبُهُ وَالْمَطْلُوبُ مَقْصُودُهُ وَالْمَقْصُودُ مَوْجُودُهُ ط

ক্বাওসায়নি মাত্ব্বলু-বুহু- ওয়াল্ মাত্ব্বলু-বু মাক্বসূ-দুহু- ওয়াল্ মাক্বসূ-দু
যাঁর লক্ষ্য, উদ্দেশ্যই যাঁর লক্ষ্য, আর যার অস্তিত্বই উদ্দেশ্য,

سَيِّدِ الْمُرْسَلِينَ خَاتَمِ النَّبِيِّينَ شَفِيعِ الْمُدْنِيِّينَ

মাওজু-দুহু- সাইয়্যিদিল্ মুরসালী-না খা-তামিন্ নাবিয়্যা-না শাফী-'ইল্
যিনি রাসূলগণের সরদার, সর্বশেষ নবী, গুনাহগারদের সুপারিশকারী,

أَيْسِ الْغَرِيبِينَ رَحْمَةً لِّلْعَالَمِينَ

মুযনিবী-না আনী-সিল্ গারী-বী-না রাহ্মাতিল্ লিল্ ‘আলা-মী-না
প্রবাসীদের আপনজন, সারা বিশ্ব-জগতের জন্য শশিষ্ঠ স্বরূপ,

رَاحَةَ الْعَاشِقِينَ مُرَادِ الْمُشْتَاقِينَ شَمْسِ

রা-হাতিল্ ‘আ-শীক্বী-না মুরা-দিল্ মুশ্তা-ক্বী-না শাম্‌সিল্
শ্রেমিকদের জন্য স্বস্তি, আশাবাদীদের জন্য আশা। সূর্য,

الْعَارِفِينَ سِرَاجِ السَّالِكِينَ مِصْبَاحِ الْمُقْرَبِينَ

‘আ-রিফী-না সির-জিস্ সা-লিকী-না মিস্বা-হিল্ মুক্বাররাবী-না
পথযাত্রীদের বাতি এবং সান্নিধ্য প্রাপ্তদের আলোকবর্তিকা।

مُحِبِّ الْفُقَرَاءِ الْغُرَبَاءِ وَالْمَسَاكِينِ سَيِّدِ الثَّقَلَيْنِ

মুহিবিল্ ফুক্বারা-ই ওয়াল্ গুরাবা-ই ওয়াল্ মাসা-কী-ন সাইয়্যিদস্
যিনি গরীব, অনাথ এবং মিসকীনদের বন্ধু, উভয় জাতির

نَبِيِّ الْحَرَمَيْنِ إِمَامِ الْقِبْلَتَيْنِ وَسَيِّدِنَا فِي الدَّارَيْنِ

সাক্বালানি নাবিয়্যিল্ হারামায়নি ইমা-মিল্ ক্বিব্বলাতায়নি ওয়াসী-লাতিনা-
উভয় হেরমের সরদার নবী, উভয় ক্বিব্বলার ইমাম, দুনিয়া আখিরাতে আমাদের ওসীলা,

صَاحِبِ قَابِ قَوْسَيْنِ مَحْبُوبِ رَبِّ الْمَشْرِقَيْنِ وَالْمَغْرِبَيْنِ

ফিদদা-রায়নি সোয়া-হিব্বি ক্বা-বা ক্বাওয়ায়নি মাহব্ব-বি রাব্বিল্ মাশ্বুরিক্বায়নি
যিনি ক্বা-বা কাওয়াইনের অধিকারী, বিশ্বপ্রতিপালকের প্রিয়পাত্র,

جَدِّ الْحَسَنِ وَالْحُسَيْنِ مَوْلَانَا وَمَوْلَى الثَّقَلَيْنِ ط

ওয়াল্ মাগ্বরিবায়নি জাদ্বিল্ হাসানি ওয়াল্ হুসায়নি মাওলা-না- ওয়া মাওলাস্ সাক্বলাইন্
হাসান-হোসাইনের মাতামহ বা নানা। আমাদের অভিভাবক, মানুষ ও জ্বিন জাতির অভিভাবক।

أَبِي الْقَاسِمِ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ

আবিল্ ক্বা-সিমি মুহাম্মাদিব্বনি ‘আবদিল্লা-হি
যাঁর উপনাম আবুল কাসেম, যার নাম মুহাম্মদ মোস্তফা, যিনি আব্দুল্লাহর পুত্র।

نُورٍ مِّنْ نُورِ اللَّهِ ط يَأْتِيهَا الْمُشْتَاقُونَ بِنُورِ جَمَالِهِ

নূ-রিম্ মিন্ নূ-রিল্লা-হ্। ইয়া- আইয়্যুহাল্ মুশ্তাক্ব-না বিনূ-রি জামা-লিহী-
আল্লাহর নূর তাঁর সৌন্দর্যের নূর-প্রত্যাশীরা, নূরের মালিক,

صَلُّوا عَلَيْهِ وَسَلِّمُوا تَسْلِيمًا 0

সাল্লু- ‘আলায়হি ওয়া সাল্লিমু- তাস্‌লীমা-।
আপনারা তাঁর উপর দুরূদ ও সালাম পাঠ করুন।

দুরূদে হাজারীর ফযীলত

১. এ দুরূদ শরীফ তিনবার কবরস্থানে পাঠ করলে আল্লাহ তা'আলা সেটার বরকতে ৮০ বছরের আযাব ওই কবরস্থান থেকে উঠিয়ে নেন।
২. যে কেউ ২০ বার এ দুরূদ শরীফ পাঠ করে তার সাওয়াব মাতা-পিতাকে দান করে, সে যেন মাতা-পিতার সমস্ত হক্ক আদায় করল এবং আল্লাহ তা'আলা তার মাতা-পিতার কবর যিয়ারতের জন্য এক হাজার ফেরেশতা পাঠিয়ে দেন, তাঁরা কিয়ামত পর্যন্ত উক্ত কাজে নিযুক্ত থাকবেন।

দুরূদ-ই **بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ** হাজারী

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ مَا دَامَتِ الصَّلَاةُ

আল্লা-হুম্মা সল্লি 'আলা- মুহাম্মাদিন্ মা-দা-মাতিস্ সোয়ালা-তু
হে আল্লাহ! হযরত মুহাম্মদ মোস্তফার উপর রহমত নাযিল করুন যতক্ষণ সালাত, বিদ্যমান

وَصَلِّ عَلَى مُحَمَّدٍ مَا دَامَتِ الرَّحْمَةُ

ওয়া সল্লি 'আলা- মুহাম্মাদিন্ মা-দা-মাতির্ রাহমাতু
হযরত মুহাম্মদ মোস্তফার উপর রহমত নাযিল করুন যতক্ষণ পর্যন্ত রহমত বিদ্যমান,

وَصَلِّ عَلَى مُحَمَّدٍ مَا دَامَتِ الْبَرَكَاتُ

ওয়া সল্লি 'আলা- মুহাম্মাদিন্ মা- মা- দা-মাতিল্ বারাকা-তু
হযরত মুহাম্মদ মোস্তফার রুহের উপর রহমত বর্ষণ করুন যতক্ষণ বরকতরাজি বিদ্যমান

وَصَلِّ عَلَى رُوحِ مُحَمَّدٍ فِي الْأَرْوَاحِ

ওয়া সল্লি 'আলা- রু-হি মুহাম্মাদিন্ ফিল্ আর্ওয়া-হি
হযরত মুহাম্মদ মোস্তফার রুহের উপর রুহসমূহের মধ্যে রহমত বর্ষণ করুন,

وَصَلِّ عَلَى صُورَةِ مُحَمَّدٍ فِي الصُّورِ

ওয়া সল্লি 'আলা- সু-রাতি মুহাম্মাদিন্ ফিস্ সুভারি
হযরত মুহাম্মদ মোস্তফার আকৃতিসমূহের মধ্যে আকৃতির উপর রহমত বর্ষণ করুন

وَصَلِّ عَلَى إِسْمِ مُحَمَّدٍ فِي الْأَسْمَاءِ

ওয়া সল্লি 'আলা- ইসমি মুহাম্মাদিন্ ফিল্ আসমা-ই
নামসমূহের মধ্যে হযরত মুহাম্মদ মোস্তফার নামের উপর রহমত বর্ষণ করুন

وَصَلِّ عَلَى نَفْسِ مُحَمَّدٍ فِي النَّفُوسِ

ওয়া সল্লি 'আলা- নাফ্-সি মুহাম্মাদিন্ ফিন্ নুফু-সি
আত্মাসমূহের মধ্যে আত্মার উপর হযরত মুহাম্মদ মোস্তফার উপর রহমত বর্ষণ করুন,

وَصَلِّ عَلَى قَلْبِ مُحَمَّدٍ فِي الْقُلُوبِ

ওয়া সল্লি 'আলা- ক্বাল্-বি মুহাম্মাদিন্ ফিল্ ক্বুলু-বি
ক্বলবসমূহের মধ্যে হযরত মুহাম্মদ মোস্তফার ক্বলবের উপর রহমত বর্ষণ করুন

وَصَلِّ عَلَى قَبْرِ مُحَمَّدٍ فِي الْقُبُورِ

ওয়া সল্লি 'আলা- ক্বাব্-রি মুহাম্মাদিন্ ফিল্ ক্বুব্-রি
রওয়াসমূহের মধ্যে হযরত মুহাম্মদ মোস্তফার রওয়া মুবারকের উপর রহমত বর্ষণ করুন,

وَصَلِّ عَلَى رَوْضَةِ مُحَمَّدٍ فِي الرِّيَاضِ

ওয়া সল্লি 'আলা- রাওছাতি মুহাম্মাদিন্ ফির্ রিয়া-দি
রওয়াসমূহের মধ্যে হযরত মুহাম্মদ মোস্তফার রওযা মুবারকের উপর রহমত বর্ষণ করুন,

وَصَلِّ عَلَى جَسَدِ مُحَمَّدٍ فِي الْأَجْسَادِ

ওয়া সল্লি 'আলা- জাসাদি মুহাম্মাদিন্ ফিল্ 'আজ্-সা-দি
শরীরসমূহের মধ্যে হযরত মুহাম্মদ মোস্তফার শরীর মুবারকের উপর রহমত বর্ষণ করুন,

وَصَلِّ عَلَى تُرْبَةِ مُحَمَّدٍ فِي التُّرَابِ

ওয়া সল্লি 'আলা- তুর্বাতি মুহাম্মাদিন্ ফিত্ তুরা-বি
মাটিগুলোর মধ্যে হযরত মুহাম্মদ মোস্তফার রওযামুবারকের মাটির উপর রহমত বর্ষণ করুন,

وَصَلَّى اللَّهُ عَلَى خَيْرِ خَلْقِهِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى إِلِهِ

ওয়া সোয়াল্লাল্লাহু 'আলা- খায়রি খাল্কিহী- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লিহী-
আর রহমত বর্ষিত হোক, আল্লাহর সর্বশ্রেষ্ঠ সৃষ্টি আমাদের সরদার হযরত মুহাম্মদ মোস্তফার উপর, তাঁর বংশধরগণের উপর,

وَأَصْحَابِهِ وَأَزْوَاجِهِ وَذُرِّيَّاتِهِ وَأَهْلِ بَيْتِهِ

ওয়া আস্-হা-বিহী- ওয়া আয্-ওয়া-জিহী- ওয়া যুররিয়া-তিহী- ওয়া আহলি বায়তিহী-
তাঁর সঙ্গী- সাথীগণের উপর, তাঁর পবিত্র বিবিগণের উপর, তাঁর আত্মীয়-স্বজন, পরিবারবর্গ, বন্ধু-বান্ধব,

وَأَحْبَابِهِ أَجْمَعِينَ بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّحِمِينَ ۝

ওয়া আহ্বাবা-বিহী- আজ্-মা'ঈ-না বিরাহ্-মাতিকা ইয়া- আরহামার্ রা-হিমী-ন।
তোমার অপার রহমত এবং করুণা দান করো, হে সকল দয়ালু অপেক্ষা শ্রেষ্ঠ দয়ালু।

দুরুদে লাখীর ফযীলত

গযনীর সুলতান মাহমুদ, রাসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর প্রতি অপরিসীম মুহাব্বতের কারণে, প্রতিদিন এক লক্ষ বার দুরুদ শরীফ পড়তেন। এক রাতে স্বপ্নে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম তাঁকে আদেশ করেন, “হে সুলতান মাহমুদ! তুমি এ দুরুদ শরীফ প্রতিদিন ফজরের নামাযের পরে একবার মাত্র পড়বে। এতেই তুমি এক লক্ষ বার দুরুদ শরীফ পড়ার সাওয়াব পাবে এবং এর বরকতে তুমি আমার প্রেমে পূর্ণতা লাভ করবে।”

দুরুদ-ই

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ۝

লাখী

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সল্লিম 'আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া
হে আল্লাহ দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ بِعَدَدِ رَحْمَةِ اللَّهِ ط

'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি'আদাদি রাহ্-মাতিল্লা-হ-
প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি আল্লাহর রহমতের সংখ্যানুসারে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সল্লিম 'আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া
হে আল্লাহ দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ فَضْلِ اللَّهِ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি ফাঈলিল্লা-হ্ ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি আল্লাহর অনুগ্রহের সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ خَلْقِ اللَّهِ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি খাল্কিল্লা-হ্ ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি আল্লাহর সৃষ্টির সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ عِلْمِ اللَّهِ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি ‘ইল্মিল্লা-হ্ ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি আল্লাহর ইলমের সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ كَلِمَاتِ اللَّهِ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি কালিমা-তিল্লা-হ্ ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি আল্লাহর কলেমাগুলোর সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ كَرَمِ اللَّهِ ٥

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি কারামিল্লা-হ্ ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি আল্লাহর মেহেরবানীর সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ حُرُوفِ كَلَامِ اللَّهِ ٥

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি হুরূফ-ফি কামা-মিল্লা-হ্ ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি আল্লাহর বাণীর হরফগুলোর সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ قَطَرَاتِ الْأَمْطَارِ ۝ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি ক্বাত্তোয়ারা-তিল্ আম্তোয়া-র ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি বৃষ্টির ফোঁটাগুলোর সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ ۝

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ أَوْرَاقِ الْأَشْجَارِ ۝ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি আওরা-ক্বিল্ আশ্জা-র ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি সমস্ত বৃক্ষের পাতাগুলোর সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ ۝

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ رَمَلِ الْقِفَارِ ۝ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি রামালিল্ ক্বিফা-র ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি টিলাগুলোর বালুরাশির সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ ۝

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

95

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ مَا خَلِقَ فِي الْبَحَارِ ۝ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি মা- খুলিক্বা ফিল্ বিহা-র ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি সমুদ্রে সব সৃষ্ট জীব-জন্তুর সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ ۝

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ الْحُبُوبِ وَالشَّمَارِ ۝ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদিল্ হুব্বু-বি ওয়াস্‌সিমা-র ।

হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি দানাগুলো ও ফল-ফলাদির সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ ۝

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ اللَّيْلِ وَالنَّهَارِ ۝ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদিল্ লায়-লি ওয়ান্নাহা-র ।

এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি রাত ও দিনের সংখ্যানুসারে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ ۝

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া

হে আল্লাহ দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ مَا أَظْلَمَ

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি মা- আযলামা
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি ওইগুলোর সংখ্যানুসারে,

عَلَيْهِ اللَّيْلُ وَأَشْرَقَ عَلَيْهِ النَّهَارُ ۖ ط

‘আলায়হিল্ লায়লু ওয়া আশ্‌রাক্বা ‘আলায়হিন্নাহা-র।
যেগুলোর উপর রাতের অন্ধকার ছাইয়ে গেছে এবং দিনের আলো চমকিত হয়েছে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া
হে আল্লাহ দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ مَنْ صَلَّىٰ عَلَيْهِ ۖ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি মান্ সাল্লা- ‘আলায়হি।
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি তাদের সংখ্যানুসারে, যাঁরা তাঁর উপর দুরুদ পড়েছে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া
হে আল্লাহ দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ مَنْ لَمْ يُصَلِّ عَلَيْهِ ۖ ٥

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি মাল্ লাম ইয়ুসাল্লি ‘আলায়হি।
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি তাদের সংখ্যানুসারে, যারা তাঁর উপর দুরুদ পড়েনি।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া
হে আল্লাহ দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

عَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ أَنْفَاسِ الْخَلَائِقِ ۖ ط

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি আনফা-সিন্ খালা-ইক্ব।
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি সমস্ত সৃষ্টির শ্বাস-প্রশ্বাসের সংখ্যানুসারে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া
হে আল্লাহ দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ نُجُومِ السَّمَوَاتِ ٥

‘আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি নুজু-মিস্ সামা-ওয়া-ত।
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি আসমানসমূহের তারকারাজির সংখ্যানুসারে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَ عَلَىٰ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিওঁ ওয়া ‘আলা-
হে আল্লাহ দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۖ بَعْدَ كُلِّ شَيْءٍ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۖ ط

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিম্ বি‘আদাদি কুল্লি শায়ইন্ ফিদ্ দুন্ইয়া- ওয়াল্ আ-খিরাহ্
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি দুনিয়া ও আখিরাতের সমস্ত বস্তুর সংখ্যানুসারে

صَلَوَاتُ اللَّهِ تَعَالَى وَمَلَائِكَتِهِ وَانْبِيَآئِهِ وَرُسُلِهِ

সোয়াল্লাওয়া-তুল্লা-হি তা'আলা- ওয়া মাল্লা-ইকাতিহী- ওয়া আম্বিয়া-ইহী- ওয়া রুসুলিহী-
মহামহিম আল্লাহর, তাঁর ফেরেশতাদের, তাঁর নবীগণের, তাঁর রসূলগণের

وَجَمِيعِ الْخَلَائِقِ عَلَى سَيِّدِ الْمُرْسَلِينَ وَإِمَامِ الْمُتَّقِينَ

ওয়া জামী-ইল্ খালা-ইক্বি 'আলা- সাইয়্যিদিল্ মুরসালী-না ওয়া ইমা-মিল্ মুত্তাক্বী-না
এবং সমস্ত সৃষ্টির দরূদসমূহ রসূলকুল সরদার, মুত্তাক্বীদের ইমাম

وَقَائِدِ الْغُرِّ الْمُحَجَّلِينَ شَفِيعِ الْمُدْنِيِّينَ

ওয়া ক্বা-ইদিল্ গুররিল্ মুহাজ্জালী-না শাফী-'ইল্ মুয'নিবী-না
যাদের ওয়র অঙ্গ-প্রত্যঙ্গগুলো উজ্জ্বল, তাঁদের চালনাকারী, গুনাহ্গারদের সুপারিশকারী,

سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَاصْحَابِهِ

সাইয়্যিদিনা- ওয়া মওলা-না মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লিহী- ওয়া আস'হা-বিহী-
আমাদের আক্বা ও মু'নিব হযরত মুহাম্মদ মোস্তফার উপর

وَأَزْوَاجِهِ وَذُرِّيَّتِهِ وَأَهْلِ بَيْتِهِ

ওয়া আয'ওয়া-জিহী- ওয়া যুররিয়্যা-তিহী- ওয়া আহ'লি বায়তিহী- ওয়া
তাঁর পবিত্র বংশধরগণ, সাহাবীগণ, তাঁর পবিত্র বিবিগণ, বংশধরগণ, পরিবারবর্গ, এবং

وَأَهْلِ طَاعَتِكَ أَجْمَعِينَ مِنْ أَهْلِ السَّمَوَاتِ

আহ'লি ত্বোয়া-'আতিকা আজমা'ঈ-না মিন্ আহ'লিস্ সামা-ওয়া-তি
এবং আপনার আনুগত্যকারীগণ, সবার উপর-আসমানবাসীগণ

وَالْأَرْضِينَ بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّحِمِينَ ط

ওয়াল্ আর'দ্বী-না বিরাহ'মাতিকা ইয়া- আর'হামার্ রা-হিমী-ন।
যমীনে বসবাসকারীদের থেকে; হে আল্লাহ্! তোমার রহমত সহকারে হে সর্বাধিক দয়ালু!

وَيَا أَكْرَمَ الْأَكْرَمِينَ وَصَلَّى اللَّهُ تَعَالَى

ওয়া ইয়া- আক'রামাল্ আক'রামী-না ওয়া সাল্লাল্লা-হ
হে সর্বাধিক সম্মানিত! আর দুরূদ প্রেরণ করুন আল্লাহ্ তা'আলা

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَآلِهِ وَاصْحَابِهِ

তা'আলা- 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া আলা- আ-লিহী-
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর এবং তাঁর পবিত্র বংশধর, তাঁর সাহাবীগণ,

أَجْمَعِينَ وَسَلَّمْ تَسْلِيمًا دَائِمًا أَبَدًا كَثِيرًا

ওয়া আস'হা-বিহী- আজমা'ঈ-না ওয়া সাল্লামা তাস'লী-মান্ দা-ইমান্
সবার উপর এবং যথাযথ সালাম ও সদা-সর্বদা, স্থায়ীভাবে, প্রচুর পরিমাণে।

وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ۝

আবাদান্ কাসী-রাওঁ ওয়াল্হামদু লিল্লা-হি রাবিবল্ 'আলা-মী-ন।
আর সমস্ত আল্লাহর, যিনি সমস্ত জগতের প্রতিপালক।

দুরূদ-ই তুনাঞ্জীনার ফযীলত

১. ফজর ও মাগরিবের নামাযের পর এ দুরূদ নিয়মিত পাঠ করলে ওই ব্যক্তি সকল প্রকার বিপদ হতে নিরাপদ থাকে। ২. নদী বা সমুদ্রের মাঝে ভ্রমণের সময় জাহাজ বা নৌকা ঝড়ের কবলে পতিত হয়ে ডুবে যাওয়ার উপক্রম হলে তখন খাস নিয়্যতে এ দুরূদ শরীফ পাঠ করলে ইনশা-আল্লাহ ওই বিপদ থেকে রক্ষা পাবে।

দুরূদ-ই **بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ** তুনাঞ্জীনা

বিস্মিল্লা-হির রাহুমা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়

اللّٰهُمَّ صَلِّ عَلٰی سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَوةً تُنَجِّينَا

আল্লা-হুমা সল্লি 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্ সোয়ালা-তান্ তুনাঞ্জী-না
হে আল্লাহ! আমাদের সরদার হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এমন রহমত বর্ষণ করুন, যা

بِهَآ مِنْ جَمِیْعِ الْاَهْوَالِ وَالْاَفَاتِ

বিহা- মিন্ জামী-ইল্ আহ ওয়া-লি ওয়াল্ আ-ফা-তি
দ্বারা আমাদেরকে সকল প্রকার ভয়ভীতি ও বালা মুসীবত হতে পরিত্রাণ দেবেন এবং

وَتَقْضٰی لَنَا بِهَا جَمِیْعِ الْحَآجَاتِ

ওয়া তাক্ব্বী- লানা- বিহা- জামী-'আল্ হা-জা-তি
এটা দ্বারা আমাদের সকল প্রকার প্রয়োজন পূর্ণ করবেন,

وَتُطَهِّرُنَا بِهَا مِنْ جَمِیْعِ السَّیِّئَاتِ

ওয়া তুত্বোয়াহ্ হিরানা- বিহা- মিন্ জামী-'ইস্ সাইয়্যি-আতি
এটা দ্বারা আমাদেরকে সকল প্রকার পাপ কাজ হতে পবিত্র রাখবেন,

وَتَرْفَعُنَا بِهَا عِنْدَكَ اَعْلٰی الدَّرَجَاتِ

ওয়া তার্ফা'উনা- বিহা- 'ইন্দাকা আ'লাদ্ দারাজা-তি
আমাদের জন্য সকল উত্তম পথের রাস্তা খুলে দেবেন,

وَتُبَلِّغُنَا بِهَا اَقْصٰی الْغَايَاتِ مِنْ جَمِیْعِ

ওয়া তুবল্লিগুনা- বিহা- আক্ব্বসোয়াল্ গা-য়া-তি মিন্ জামী-'ইল্
আমাদেরকে এর মাধ্যমে কল্যাণের সর্বোচ্চ লক্ষ্যে পৌঁছাবেন-

الْخَيْرَاتِ فِي الْحَيٰوةِ وَبَعْدَ الْمَمَاتِ

খায়রা-তি ফিল্ হায়া-তি ওয়া বা'দাল্ মামা-তি
পাখিব জীবনে ও মৃত্যুর পরে। আর

اِنَّكَ عَلٰی كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ط

ইন্বাকা 'আলা- কুল্লি শায়ইন্ ক্বাদী-র।
নিশ্চয় আপনি সবকিছু করতে পারবেন।

ইস্মে আ'যমের ফযীলত

পূর্ণ আস্থা সহকারে সরল বিশ্বাস ও সরল অন্তরে ইস্মে আ'যম পাঠ করলে অশেষ সাওয়াব পাওয়া যায়। এটা সর্বদা পাঠ করতে থাকলে একদিন না একদিন এটার মাহাত্ম্য বুঝতে পারবে এবং তখন যে কোন মকছুদ পূর্ণ হবে।

ইস্মে

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

আযম

বিস্মিল্লা-হির রাহুমা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ, যিনি পরম দয়ালু, করুণাময়

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِانْك أَنْتَ اللَّهُ

আল্লা-হুমা ইন্নী- আস্ আলুকা বিআনুকা আন্ তাল্লা-হ
হে আল্লাহ! আমি তোমার দরবারে প্রার্থনা করছি। নিশ্চয় তুমিই আল্লাহ।

لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْوَاحِدُ الصَّمَدُ الَّذِي

লা- ইলা-হা ইল্লা- আনতাল্ আহাদুস্ সামাদু লুযী-
তুমি ছাড়া অন্য কোন উপাস্য নেই, তুমি একক তুমি ওই অমুখাপেক্ষী, যিনি

لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ ۝

লাম ইয়ালিদ্ ওয়া লাম্ ইয়ু-লাদ্ ওয়া লাম্ ইয়াকুল্লা-হু- কুফুওয়ান্ আহাদ।
না কারো থেকে জন্মগ্রহণ করেছেন, না কাউকে জন্ম দিয়েছেন, যাঁর সমতুল্য কেউ নেই।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِانْ لَكَ الْحَمْدُ

আল্লা-হুমা ইন্নী- আস্ আলুকা বিআনু লাকাল্ হাম্দু
হে আল্লাহ, তোমার দরবারে প্রার্থনা করছি। নিশ্চয় সকল প্রশংসা তোমারই।

لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْحَنَّانُ الْمَنَّانُ

লা- ইলা-হা ইল্লা- আন্ তাল্ হান্না-নুল্ মান্না-নু
তুমি ছাড়া কোন উপাস্য নেই, তুমি স্নেহশীল, ইহসানকারী,

بَدِيعُ السَّمَوَاتِ وَالْأَرْضِ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ

বাদি-উস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরুদ্বি ইয়া- যাল্ জালা-লি ওয়াল্ ইক্রা-মি
তুমি আসমান ও যমীনের সৃষ্টিকর্তা হে মহত্ত্ব ও গৌরবের অধিকারী,

يَا حَيُّ يَا قَيُّوْمُ أَسْأَلُكَ ۝ وَاللَّهُمَّ إِلَهٌ وَاحِدٌ ط

ইয়া- হাইয়্যু ইয়া- ক্বাইয়্যু-মু আস্ আলুকা। ওয়া ইলা-হুকুম্ ইলা-হুঁ ওয়া-হিদ্।
হে চিরঞ্জীব, হে চিরস্থায়ী, তোমার দরবারে প্রার্থনা করছি। তোমাদের মা'বুদ ওই এক অদ্বিতীয়,

لَا إِلَهَ إِلَّا هُوَ الرَّحْمَنُ الرَّحِيمُ ۝ أَلَمْ يَلِدْ وَلَا إِلَهَ

লা- ইলা-হা ইল্লা- হুয়র্ রাহুমা-নুর্ রাহী-ম। আলিফ লা-ম মী-ম। আল্লা-হু লা- ইলা-হা
তিনি ছাড়া কোন মা'বুদ নেই, পরম করুণাময়, দয়ালু। তিনি ছাড়া কোন মা'বুদ নেই।

إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ ۝ لَا إِلَهَ إِلَّا أَنْتَ

ইল্লা- হুয়াল্ হাইয়্যুল্ ক্বাইয়্যু-ম। লা- ইলা-হা ইল্লা- আন্ তা
তিনি চিরঞ্জীব, চিরস্থায়ী, তুমি ছাড়া কোন ইলাহ নেই।

سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ ۝

সুব-হা-নাকা ইন্নী- কুন্তু মিনায্ যোয়া-লিমী-ন।
তোমারই পবিত্রতা! নিশ্চয় আমি সীমালংঘনকারীদের অন্তর্ভুক্ত।

হাফতে হাইকলের ফযীলত

১. কথিত আছে, যে ব্যক্তি এ হাফতে হাইকল প্রত্যহ পাঠ করবে আল্লাহ তা'আলা তাকে ও তার পিতা-মাতাকে দোষখের আযাব থেকে নাজাত দান করবেন। ২. হযরত জিব্রাঈল আলায়হিস্ সালাম বলেছেন, হে মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়কা ওয়াসাল্লাম, যে ঘরে এ হাফতে হাইকাল থাকবে সে ঘরে জ্বিন-পরী প্রবেশ করতে পারবেনা। ৩. যে ব্যক্তি এ হাফতে হাইকাল সঙ্গে রাখবে সে সর্বদা খুশীতে ও ইজ্জত সম্মানের সাথে বসবাস করবে এবং তার মৃত্যু যন্ত্রণা কম হবে।

প্রথম

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ ۝

হায়কল

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ, যিনি পরম দয়ালু, করুণাময়

أَعِيذُ نَفْسِي بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيمِ ۝

উ'ঈ-যু নাফসী- বিল্লা-হিল্ 'আলিয়্যিল্ 'আযী-ম।

আমি আমার নাফসকে সর্বোচ্চ মহামহিম আল্লাহর আশ্রয়ে সমর্পণ করছি।

اللّٰهُ لَا إِلٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ ۝ لَا تَأْخُذُهُ سِنَّةٌ وَلَا نَوْمٌ ۝

আল্লা-হু লা--- ইলা-হা ইল্লা- ছয়াল্ হাইয়্যুল্ ক্বাইয়্যু-ম। লা- তা'খুযুহু সিনাতুওঁ ওয়ালা- নাওম

আল্লাহু ছাড়া কোন মা'বুদ নেই। তিনি চিরজীব, চিরস্থায়ী। তাকে স্পর্শ করতে পারেনা তন্দ্রা ও নিদ্রা,

لَهُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۝ مَنْ ذَا الَّذِي يَشْفَعُ

লাহু মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদ্বা মান্ যাল্লাযী- ইয়াশফাউ

আসমান ও যমীনে যা কিছু আছে, সব তাঁরই। কে আছে যে সুপারিশ করবে

عِنْدَهُ إِلَّا بِاِذْنِهِ ۝ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ

ইন্দাহু- ইল্লা- বিইয়নিহী- 'ইয়া'লামু মা- বায়না আয়দী-হিম্ ওয়ামা- খাল্ফাহুম্

তাঁর নিকট তাঁর অনুমতি ব্যতিরেকে? তাদের সামনে এবং পিছনে যা কিছু আছে, তিনি সব কিছু জানেন।

وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ

ওয়াল্লা- ইয়ুহী-তু-না বিশায়ইম্ মিন্ 'ইল্মিহী---- ইল্লা- বিমা- শা----আ

তিনি যতটুকু চান, তা ছাড়া কেউ তার বিশাল জ্ঞানের কোন কিছুই আয়ত্ত্ব করতে পারেনা।

وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۝ وَلَا يَئُودُهُ

ওয়া সি'আ কুরসিয়্যুহুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আরদ্বা। ওয়ালা- ইয়াউ-দুহু-

তাঁর কুরসী আসমান ও যমীনব্যাপী। আর এ উভয়ের

حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ

হিফ্ যু হুমা- ওয়া ছয়াল্ 'আলিয়্যুল্ 'আযী-ম।

রক্ষণাবেক্ষণ তাঁর পক্ষে মোটেই কষ্টকর নয় এবং তিনি সমুন্নত, সুমহান।

দ্বিতীয়

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ ۝

হায়কল

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়

أَعِيذُ نَفْسِي بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيمِ ۝

উ'ঈ-যু নাফসী- বিল্লা-হিল্ 'আলিয়্যিল্ 'আযী-ম।

আমি আমার নাফসকে সর্বোচ্চ মহান আল্লাহর আশ্রয়ে সমর্পণ করছি।

إِذْ قَالَتِ امْرَأَتُ عِمْرَانَ رَبِّ إِنِّي نَذَرْتُ لَكَ

ইয্ ক্বা-লাতিমরাআতু 'ইমরা-না রাবিব ইন্নী- নাযারতু লাকা
যখন ইমরানের স্ত্রী আরয করলো, হে আমার প্রতিপালক! আমি তোমার জন্য মান্নত করেছি,

مَا فِي بَطْنِي مُحَرَّرًا فَتَقَبَّلْ مِنِّي إِنَّكَ أَنْتَ

মা- ফী- বাত্বনী- মুহাররারান্ ফাতাক্বাববাল্ মিন্নী- ইন্নাকা আন্তাস্
যা আমার গর্ভে রয়েছে, যে একান্ত তোমারই সেবায় থাকবে। সুতরাং তুমি আমার নিকট থেকে কবুল করে নাও।

السَّمِيعُ الْعَلِيمُ ۝ سُنَّةٌ مِّنْ قَدْ أَرْسَلْنَا قَبْلَكَ مِنْ رُّسُلِنَا

সামী-উল্ 'আলী-ম। সুনাতা মান্ ক্বাদ্ আরসালনা- ক্বাব্বলাকা মির্ রুসুলিনা-
নিঃসন্দেহে তুমি সর্বশ্রোতা, সর্বজ্ঞাতা। আপনার পূর্বে যে সকল রসূল আমি প্রেরণ করেছি,

وَلَا تَجِدُ لِسُنَّتِنَا تَحْوِيلًا ۝

ওয়াল্লা- তাজ্জিদু লিসুন্নাতিনা- তাহ্ ভী-লা-।
তাদের এ-ই নীতি এবং আপনি আমার নিয়ম পদ্ধতির কোন পরিবর্তন দেখতে পাবেন না।

اقِمِ الصَّلَاةَ لِذُلُوكِ الشَّمْسِ إِلَى غَسَقِ اللَّيْلِ

আক্বিমিস্ সোয়াল্লা-তা লিদুলুকিশ্ শাম্‌সি ইলা- গাসাক্বিল্ লায়লি
দ্বিপ্রহরের পর হতে রাতের অন্ধকার পর্যন্ত নামায পড়

وَقُرْآنَ الْفَجْرِ ۝ إِنَّ قُرْآنَ الْفَجْرِ كَانَ مَشْهُودًا ۝

ওয়া ক্বোরআ-নাল্ ফাজ্‌রি। ইন্নাক্বোরআ-নাল্ ফাজ্‌রি কা-না মাহ্‌হু-দা-।
এবং ফজরের ক্বোরআন। নিশ্চয় সকালে ক্বোরআন পাঠে ফেরেশতা হাযির থাকেন।

وَمِنَ اللَّيْلِ فَتَهَجَّدْ بِهِ نَافِلَةً لَّكَ ۝

ওয়া মিনাল্ লায়লি ফাতাহাজ্‌জাদ্ বিহী- না-ফিলাতাল্লাক;
এবং রাতের কিছু অংশে তাহাজ্‌জুদ পড়ুন এটা বিশেষতঃ আপনার জন্য অতিরিক্ত।

عَسَىٰ أَنْ يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُودًا ۝

'আসা--- আই ইয়াব্ 'আসাকা রাব্বুকা মাক্বা-মাম্ মাহ্‌মু-দা-।
অতিসত্ত্বর আপনার প্রতিপালক আপনাকে 'মাক্বাম-ই মাহ্‌মুদ'-এ অধিষ্ঠিত করবেন

وَقُلْ رَبِّ ادْخُلْنِيْ مُدْخَلَ صِدْقٍ

ওয়া ক্বুর্ রাবিব আদখিল্‌নী- মুদখালা সিদ্‌ক্বিও
এবং বলুন, হে আমার পরওয়ারদিগার, আমার প্রবেশ যেন সত্যের সাথে হয়

وَأَخْرِجْنِيْ مَخْرَجِ صِدْقٍ وَاجْعَلْ

ওয়া আখ্‌রিজ্‌নী- মুখ্‌রাজা সিদ্‌ক্বিও ওয়াজ্ 'আ
এবং আমার পুস্থানও যেন সত্যের সাথে হয়।

لِيْ مِنْ لَّدُنْكَ سُلْطٰنًا نَّصِيْرًا ۝

ল্লী- মিল্লাদুন্‌কা সুল্‌তেয়ায়া-নান্ নাসী-রা-।
আমাকে তোমার পক্ষ হতে সাহায্যকারী শক্তি দান কর।

তৃতীয়	بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ	হায়কল
বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম		
আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়		
أَعِيذُ نَفْسِي بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ ۝		
উ'ঈ-যু নাফসী- বিল্লা-হিল্ 'আলিয়্যিল্ 'আযী-ম । আমার নাফসকে সুউচ্চ মহান আল্লাহর আশ্রয়ে সমর্পণ করছি ।		
أَمِنَ الرَّسُولُ بِمَا أُنزِلَ إِلَيْهِ مِنْ رَبِّهِ		
আ-মানার্ রাসূ-লু বিমা--- ইন্যিলা ইলায়হি মির্ রাবিবহী- রসূল ঈমান এনেছেন সেটার উপর, যা তাঁর প্রতিপালকের নিকট থেকে তাঁর উপর অবতীর্ণ হয়েছে		
وَالْمُؤْمِنُونَ ۝ كُلٌّ آمِنٌ بِاللَّهِ وَمَلَيْكَتِهِ وَكِتَابِهِ		
ওয়াল্ মু'মিনূ-ন । কুলুন্ আ-মানা বিল্লা-হি ওয়া মালা---ইকাতিহী- ওয়া কুতুবহী- এবং মু'মিনগণও । সবাই মান্য করেছে আল্লাহ, তাঁর ফিরিশতাগণ, তাঁর কিতাবসমূহ		
وَرُسُلِهِ قَفٍ لَا تَفْرَقُ بَيْنَ أَحَدٍ مِّنْ رُّسُلِهِ قَفٍ		
ওয়া রুসুলিহ্ । লা- নুফার্ রিকু বায়না আহাদিম্ মির্ রুসুলিহ্ । এবং তাঁর রসূলগণকে এ কথা বলে যে, 'আমরা তাঁর রসূলগণের মধ্যে কারো উপর ঈমান আনার মধ্যে তারতম্য করিনা'		
وَقَالُوا سَمِعْنَا وَأَطَعْنَا غُفْرَانَكَ رَبَّنَا		
ওয়া ক্বা-লু- সামি'না- ওয়া আত্বোয়া'না- গুফরা-নাকা রাব্বানা- এবং তারা আরব করেছে- 'আমরা শুনেছি ও মান্য করেছি । তোমার ক্ষমা হোক! হে প্রতিপালক আমাদের,		

وَإِلَيْكَ الْمَصِيرُ ۝ لَا يُكَفِّرُ اللَّهُ نَفْسًا
ওয়া ইলায়কাল্ মাসী-র । লা- ইয়ুকাল্লিফু ল্লা-হু নাফসান্ এবং তোমারই দিকে প্রত্যাবর্তন করতে হবে । 'আল্লাহ কোন আত্মার উপর বোঝা অর্পণ করেন না,
إِلَّا وَسُعَهَا لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا
ইল্লা- ভুস্ 'আহা- লাহা- মা- কাসাভাত্ ওয়া 'আলায়হা- কিস্ত তার সাধ্য পরিমাণ । তার জন্য রয়েছে ওই কল্যাণ, যা সে উপার্জন করেছে,
مَا كُتِبَتْ رَبَّنَا لَا تَأْخُذْنَا إِنْ نَسِينَا أَوْ أَخْطَأْنَا ۝
মাক্তাসাবাত্ । রাব্বা-না লা- ত্বা-খিযনা- ইন্ নাসী-না- আও আখ্তোয়া'না- আর তার জন্য রয়েছে ওই ক্ষতি যা সে উপার্জন করেছে ।
رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَا إِصْرًا
রাব্বানা- ওয়ালা- তাহমিল্ 'আলায়না- ইস্ রান্ হে আমাদেরকে পাকড়াও করোনা যদি আমরা বিস্মৃত হই কিংবা ভুল করি ।
كَمَا حَمَلْتَهُ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِنَا ۝
কামা- হামাল্ তাহ্- 'আলাল্লাযী-না মিন্ ক্বাবলিনা- । যেমন তুমি আমাদের পূর্ববর্তীদের উপর রেখেছিলে ।
رَبَّنَا وَلَا تَحْمِلْنَا مَالًا طَاقَةً لَنَا بِهِ ۝
রাব্বানা- ওয়ালা- ত্বাহামিলনা- মা-লা- ত্বোয়া-ক্বাতা লা-না বিহ্- হে প্রতিপালক আমাদের! এবং আমাদের উপর ঐ বোঝা অর্পণ করোনা, যা বহন করার শক্তি আমাদের নেই;

وَاعْفُ عَنَّا ۝ وَاعْفِرْ لَنَا وَارْحَمْنَا ۝

ওয়া'ফু 'আনু- ওয়াগ্‌ফির্ লানা- ওয়ার্‌হাম্‌না-
এবং আমাদের পাপ মোচন করো, আমাদেরকে ক্ষমা করো, আর আমাদের উপর দয়া করো। তুমি

أَنْتَ مَوْلَانَا فَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ ۝

আন্তা মাওলা-না- ফানসূর্না- 'আলাল্‌ ক্বাওমিল্‌ কা-ফিরী-ন।
আমাদের মুনিব। সুতরাং কাফিরদের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করো।

চতুর্থ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ۝

হায়কল

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়

أَعِذْ نَفْسِي بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ ۝

উ'ঈ-যু নাফসী- বিল্লা-হিল্ 'আলিয়্যিল্ 'আযী-ম।
আমার নাফসকে মহান আল্লাহর আশ্রয়ে সমর্পণ করছি।

وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ ۝ إِنَّ الْبَاطِلَ

ওয়া কুল্‌ জা-আল্‌ হাক্বক্বু ওয়া যাহাক্বাল্‌ বা-ত্বিল। ইন্নাল্‌ বা-ত্বিলা
এবং বলুন, 'সত্য এসেছে এবং মিথ্যা বিলুপ্ত হয়েছে। নিশ্চয় মিথ্যা

كَانَ زَهُوقًا ۝ وَنُنزِّلُ مِنَ الْقُرْآنِ مَا هُوَ

কা-না যাহু-ক্বা-। ওয়া নুনায্‌যিলু মিনাল্‌ ক্বোরআ-নি মা- হুয়া
তো বিলুপ্ত হবারই ছিলো। এবং আমি ক্বোরআনের মধ্যে অবতীর্ণ করি ওই

شِفَاءٌ وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ وَلَا يَزِيدُ

শিফা---উঁ ওয়া রাহ্মাতুল্‌ লিল্‌মু'মিনী-ন ওয়ালা- ইয়াযী-দুয
বস্তু, যা ঈমানদারদের জন্য আরোগ্য ও রহমত; এবং এ থেকে

الظَّالِمِينَ إِلَّا خَسَارًا ۝ وَإِذَا أَنْعَمْنَا عَلَى الْإِنْسَانِ

যোয়া-লিমী-না ইল্লা- খাসা-রা-। ওয়া ইয়া- আন্'আম্‌না- 'আলাল্‌ ইন্সা-নি
যালিমদের ক্ষতিই বৃদ্ধি পায়। এবং যখন আমি মানুষের প্রতি অনুগ্রহ করি

أَعْرَضَ وَنَابِجَانِبِهِ ۝ وَإِذَا مَسَّهُ الشَّرُّ

আ'রাছা ওয়া নাআ-বিজা-নিবিহ্‌। ওয়া ইয়া- মাস্‌সাছ্‌ শার্ব
তখন মুখ ফিরিয়ে নেয় এবং নিজের দিকে দূরে সরে যায়। আর যখন তাকে অকল্যাণ স্পর্শ

كَانَ يَتُوسَّأُ ۝ قُلْ كُلٌّ يَعْمَلُ عَلَى شَاكِلَتِهِ ۝

কা-না ইয়াউ-সা-। কুল্‌ কুল্লুই ইয়া'মালু 'আলা- শা-কিলাতিহী-।
করে, তখন হতাশ হয়ে পড়ে। আপনি বলুন, 'প্রত্যেকে আপন প্রকৃতি অনুযায়ী কাজ

فَرَبُّكُمْ أَعْلَمُ بِمَنْ هُوَ أَهْدَى سَبِيلًا ۝

ফারাব্বুকুম্‌ আ'লামু বিমান্‌ হুয়া আহদা- সাবী-লা।
করে। সুতরাং তোমাদের প্রতিপালক ভালভাবে অবহিত আছেন কে অধিক সরল পথে

وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ ۝ قُلِ الرُّوحُ مِنْ

ওয়া ইয়াস্‌আলু-নাকা 'আনির্‌ রী-হ। কুল্লির্‌ রী-হ
আছে।' এবং আপনাকে 'রুহ' সম্পর্কে প্রশ্ন করে। আপনি বলুন, 'রুহ'

أَمْرٍ رَبِّي وَمَا أُوتِيتُمْ مِنَ الْعِلْمِ إِلَّا قَلِيلًا ۝

মিন্ আম্রি রাব্বী- ওয়ামা- উ-তী-তুম্ মিনাল্ 'ইল্মি ইল্লা- ক্বালী-লা- ।

আমার প্রতিপালকের আদেশ থেকে একটা বস্তু ।' এবং তোমাদেরকে জ্ঞান দেয়া হয়নি, কিন্তু সামান্য ।

পঞ্চম

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ۝

হায়কল

বিস্মিল্লা-হির রাহুমা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়

أَعِيذُ نَفْسِي بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ ۝

উ'ঈ-যু নাফসী- বিল্লা-হিল্ 'আলিয়িয়ল্ 'আযী-ম ।

আমার নাফসকে সুউচ্চ মহান আল্লাহর আশ্রয়ে সমর্পণ করছি ।

قَالَ رَبِّ إِنِّي وَهَنَ الْعَظْمُ مِنِّي وَاشْتَعَلَ الرَّأْسُ

ক্বা-লা রাবিব ইন্নী- ওয়াহানাল্ 'আযমু মিন্নী- ওয়াশ্তা'আলার্ রা'সু

আরয করলো, 'হে আমার প্রতিপালক! আমার অস্থি দুর্বল হয়ে গেছে এবং মাথার চুলগুলো থেকে উজ্জ্বল

شَيْبًا لَّوَّ لَمْ أَكُنْ بِدُعَائِكَ رَبِّ شَقِيًّا ۝

শায়বাওঁ ওয়ালাম আকুম্ বিদু'আ----ইকা রাবিব শাক্বিয়্যা- ।

শুভ্রতা প্রকাশ পেয়েছে এবং হে আমার প্রতিপালক! তোমাকে আহ্বান করে আমি কখনো হতভাগ্য হইনি ।

وَإِنِّي خِفْتُ الْمَوَالِيَ مِنْ وَرَائِي

ওয়া ইন্নী- খিফ্ তুল্ মাওয়া-লিয়া- মিওঁ ওয়ারা----ঈ-

এবং আমার মনে হয় আমার পরে আমার স্বজনদের সম্পর্কে আশংকা রয়েছে;

وَكَانَتْ امْرَأَتِي عَاقِرًا فَهَبْ لِي مِنْ

ওয়া কা-নাতিম্ রাআতী- 'আক্বীরান্ ফাহাব্বলী- মিল

এবং আমার স্ত্রী বন্ধ্যা; সুতরাং আমাকে তোমার নিকট থেকে এমন কাউকে

لَدُنْكَ وَلِيًّا ۝ يَرِثُنِي وَيَرِثُ مِنْ آلِ

লাদুন্কা ওয়ালিয়্যা'ই ইয়ারিসুনী- ওয়া ইয়ারিসু মিন্ আ-লি

দান করো যে আমার কাজ সম্পাদন করবে । সে আমার উত্তরাধিকারী হবে

يَعْقُوبَ ۚ وَاجْعَلْهُ رَبِّ رَضِيًّا ۝

ইয়া'ক্বু-বা ওয়াজ্ 'আল্ হু রাবিব রাহিয়্যা- ।

এবং ইয়া'ক্বুবে বংশধরদের উত্তরাধিকারী হবে; আর হে আমার প্রতিপালক! তাকে পছন্দনীয় করো ।

لَقَدْ صَدَقَ اللَّهُ رَسُولَهُ الرُّؤْيَا بِالْحَقِّ ۚ

লাক্বাদ্ সোয়াদাক্বাল্লা-হু রাসু-লাহুর্ রূ'ইয়া- বিল্ হাক্বিক্বি ।

নিশ্চয় আল্লাহ সত্য করে দেখিয়েছেন আপন রসূলের সত্য স্বপ্নকে;

لَتَدْخُلَنَّ الْمَسْجِدَ الْحَرَامَ إِنْ شَاءَ اللَّهُ

লাতাদ্ খুলুন্নাল্ মাস্জিদাল্ হারা-মা ইন্শা----আল্লা-হু

নিশ্চয় তোমরা অবশ্যই মসজিদে হারামে প্রবেশ করবে যদি আল্লাহ চান,

أَمِينٍ مُّحَلِّقِينَ رُءُوسِكُمْ وَمُقَصِّرِينَ لَا تَخَافُونَ ۝

আ-মিনী-না মুহাল্লিক্বী-না রুউ-সাকুম্ ওয়া মুক্বাসসরী-না লা- তাখা-ফুন ।

নিরাপদে, স্বীয় মাথার চুল মুন্ডিত অবস্থায় অথবা চুল ছেঁটে, নির্ভয়ে;

فَعَلِمَ مَا لَمْ تَعْلَمُوا فَجَعَلَ مِنْ دُونِ ذَلِكَ فَتْحًا قَرِيبًا ۝

ফা'আলিমা মা-লাম তা'লামু- ফাজা'আলা মিন্ দূ-নি যা-লিকা ফাতহান্ ক্বারী-বা- ।

সুতরাং তিনি জেনেছেন যা তোমাদের জানা নেই। অতএব, এর পূর্বে এক আসন্ন বিজয় রেখেছেন।

ষষ্ঠ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ۝

হায়কল

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়

أَعِيذُ نَفْسِي بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ ۝

উ'ঈ-যু নাফসী- বিল্লা-হিল্ 'আলিয়িয়ল্ 'আযী-ম ।

আমার নাফসকে সুউচ্চ মহান আল্লাহর আশ্রয়ে সমর্পণ করছি।

قُلْ أَوْحَىٰ إِلَيَّ أَنَّهُ اسْتَمَعَ نَفَرٌ مِّنَ الْجِنِّ

কুল্ উ-হিয়া ইলায়্যা আন্বাহুস্ তামা'আ নাফার'ম্ মিনাল্ জিন্নি

(হে হাবীব!) আপনি বলুন, 'আমার প্রতি ওহী হয়েছে যে, কিছু সংখ্যক জিন

فَقَالُوا إِنَّا سَمِعْنَا قُرْآنًا عَجَبًا ۝

ফাক্বা-লু- ইন্বা- সামি'না- ক্বুর'আ-নান্ 'আজাবা- ।

আমার পাঠ করা কান লাগিয়ে শ্রবণ করলো; অতঃপর বললো, 'আমরা এক আশ্চর্যজনক ক্বোরআন শুনেছি,

يَهْدِي إِلَى الرُّشْدِ فَآمَنَّا بِهِ ۝

ইয়াহ্ দী- ইলার্ রশ্দি ফাআ-আমান্বা- বিহী- ।

যা মঙ্গলের পথ বাতলিয়ে দেয়। অতঃপর আমরা সেটার উপর ঈমান এনেছি

وَلَنْ نُّشْرِكَ بِرَبِّنَا أَحَدًا ۝

ওয়ালান্ নুশ্'রিকা বিরাবিবনা- আহাদা- ।

এবং আমরা কখনো কাউকে আপন প্রতিপালকের শরীক করবো না;

وَأَنَّهُ تَعَالَىٰ جَدُّ رَبِّنَا مَا اتَّخَذَ صَاحِبَةً

ওয়ালান্বাহু তা'আলা- জাদ্দু রাবিবনা- মাত্তাখাযা সোয়া-হিবাতাওঁ

এবং এ যে, আমাদের প্রতিপালকের মর্যাদা বহু উর্ধ্ব; না তিনি স্ত্রী গ্রহণ

وَلَا وَلَدًا ۝ وَأَنَّهُ كَانَ يَقُولُ

ওয়ালান্বাহু- ওয়ালাদা- । ওয়া আন্বাহু- কা-না ইয়াক্ব-লু

করেছেন এবং না সন্তান; আর এ যে, আমাদের মধ্যকার নির্বোধ লোকই

سَفِيهُنَا عَلَى اللَّهِ شَطَطًا ۝

সাফী-হনা- 'আলাল্লা-হি শাতে'য়াতে'য়া- ।

আল্লাহ সম্পর্কে সীমা লংঘন করে কথা বলতো।

সপ্তম

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ۝

হায়কল

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু, করুণাময়

أَعِيذُ نَفْسِي بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ ۝

উ'ঈ-যু নাফসী বিল্লা-হিল্ 'আলিয়িয়ল্ আযী-ম ।

আমার নাফসকে সুউচ্চ মহান আল্লাহর আশ্রয়ে সমর্পণ করছি।

وَأِنْ يَّكَادُ الَّذِينَ كَفَرُوا لَيُزْلِقُونَكَ

ওয়ার্জ-ইয়াকা-দু ল্লাযী-না কাফারান- লায়ুলিকু-নাকা

এবং অবশ্যই কাফিরদেরকে তো এমনই মনে হচেছ যেন

بِأَبْصَارِهِمْ لَمَّا سَمِعُوا الذِّكْرَ وَيَقُولُونَ إِنَّهُ

বিআবসোয়া-রিহিম্ লাম্মা- সামী'উয্ যিক্‌রা ওয়া ইয়াকু-লু-না ইন্নাহু-

তাদের কু-দৃষ্টি নিক্ষেপ করে আপনার পতন ঘটাবে যখন তারা কোঁরআন শ্রবণ করে এবং বলে,

لَمَجْنُونٌ ۝ وَمَا هُوَ إِلَّا ذِكْرٌ لِلْعَالَمِينَ ۝

লামাজ্নু-ন। ওয়া মা- হুয়া ইল্লা- যিক্‌রল্ লিল্ 'আ-লামী-ন।

'এটা অবশ্যই বোধশক্তি থেকে অনেক দূরে।' তা তো নয়, কিন্তু উপদেশ সমগ্র জাহানের জন্য।

আয়াতুল কুরসীর ফযীলত

১. আয়াতুল কুরসী জ্বিন-পরীর জন্য আতঙ্ক বিশেষ। ২. আয়াতুল কুরসী পড়ে কোন ব্যক্তি শরীরে ফুক দিয়ে রাতে যেখানে চায় গমন করতে পারবে। তাকে কোন জ্বিন, পরী, ভূত, পেতনী, কোন প্রভাব ফেলতে পারবে না। ৩. ঘুমাবার পূর্বে আয়াতুল কুরসী পড়ে উভয় হাতের তালুতে ফুক দিয়ে তালি দেবে। তালির আওয়াজ যতদূর পৌছাবে তত দূর পর্যন্ত ভূত, পেতনী, জ্বিন ও পরী দূর হয়ে যাবে। ৪. আয়াতুল কুরসী নিয়মিত পাঠ করলে বিপুল পরিমাণ সাওয়াব পাওয়া যাবে।

আয়াতুল **بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ۝** কুরসী

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু ও করুণাময়

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ ۚ الْحَيُّ الْقَيُّومُ ۝

আল্লা-হু লা- ইলা-হা ইল্লা- হুয়াল্ হাইয়্যুল্ ক্বাইয়্যু-ম।

আল্লাহ, তিনি ছাড়া অন্য কোন মা'বুদ নেই। তিনি চিরঞ্জীব, চিরস্থায়ী।

لَا تَأْخُذُهُ سِنَّةٌ وَلَا نَوْمٌ ۚ لَهُ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۝

লা- তা'খুযুহু সিনাতুও ওয়ালা- নাওমুন্ লাহু মা- ফিস্ সামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আর্‌দি

তাকে তন্দ্রা ও নিদ্রা কিছুই স্পর্শ করতে পারেনা। আসমান ও যমীনে যা কিছু আছে,

مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلَّا بِإِذْنِهِ ۝

মান্ যাল্লাযী- ইয়াশ্‌ফা'উ 'ইন্‌দাহু- ইল্লা- বিইয্‌নিহী-

সবই তাঁর জন্য। কে আছে এমন, যে তাঁর অনুমতি ব্যতীত তার কাছে সুপারিশ করবে?

يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ

‘ইয়া’লামু মা- বায়না আয়দী-হিম্ ওয়ামা- খাল্ ফাহম্

তিনি জানেন যা কিছু তাদের সম্মুখে রয়েছে এবং যা কিছু তাদের পেছনে

وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ ۚ

ওয়াল্লা- ইয়ুহী-ত্বা-না বিশায়ইম্ মিন্ ‘ইলমিহী- ইল্লা- বিমা- শা----আ

তার ইচ্ছা ব্যতীত কেউই তাঁর জ্ঞানের কিছুই আয়ত্ত্ব করতে পারেনা।

وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ ۖ وَلَا

ওয়া সি‘আ কুরসিয়ুহুস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দ্দা। ওয়াল্লা-

তাঁর কুরসী আসমান ও যমীনব্যাপী এ দু’টির

يُؤْوَدُهُ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ ۝

ইয়াউ-দুহু- হিফ্-যুহুমা- ওয়া হুয়াল্ ‘আলিয়ুয়ল্ ‘আযী-ম।

হিফায়ত করা তাঁর জন্য ভারী কিছু নয়। তিনি সর্বোচ্চ, অতি মহান।

107

আয়াতে শিফার ফযীলত

ক্বোরআন শরীফ মানব জাতির হিদায়ত, রহমত, বরকত, মাগফিরাত, শাফা‘আত হিসাবে আভির্ভূত। পুরো ক্বোরআন শরীফই মানব জাতির জন্য রোগ নিরাময়ের মাধ্যম। এর মধ্যে উক্ত ছয়টি আয়াতকে ‘আয়াতে শিফা’ বলা। এ আয়াতগুলো পড়ে কঠিন রোগাক্রান্ত ব্যক্তির গায়ে ফুঁক দিলে সে রোগ মুক্ত হয়ে যাবে। এ ছাড়া যদি মেশক ও জা‘ফরান দ্বারা চীনা মাটির প্লেটে লিখে ধুয়ে কোন রোগাক্রান্ত ব্যক্তিকে পান করালে, আল্লাহর রহমতে রোগী রোগ হতে মুক্তি পাবে।

আয়াত-ই

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ۝

শিফা

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ যিনি পরম দয়ালু ও করুণাময়

وَيَشْفِ صُدُورَ قَوْمٍ مُّؤْمِنِينَ ۝

ওয়া ইয়াশ্-ফি সুদু-রা ক্বাওমিম্ মু‘মিনী-ন।

আল্লাহ তা‘আলা মু‘মিনদের অন্তরের রোগ নিরাময় করেন।

وَشِفَاءٌ لِّمَا فِي الصُّدُورِ ۝ يَخْرُجُ مِنْ بُطُونِهَا

ওয়া শিফা----উল্ লিমা- ফিস্ সুদু-র। ইয়াখ্-রুজু মিন্ বুতু-নিহা-

আর এ ক্বোরআন অন্তরের রোগ-ব্যধির নিরাময়ের ঔষধ এবং গুটার পেট হতে অনেক রকমের পানীয়

شَرَابٌ مُّخْتَلِفٌ أَلْوَانُهُ فِيهِ شِفَاءٌ لِلنَّاسِ ۝

শারা-বুম্ মুখ্-তালিফুন্ আল্ওয়া-নুহু- ফী-হি শিফা----উল্ লিন্না-স।

নির্গত হয়, যাতে মানুষের আরোগ্য রয়েছে। আমি ক্বোরআনের কিছু আয়াত অবতীর্ণ করি,

وَنَزَّلُ مِنَ الْقُرْآنِ مَا هُوَ شِفَاءٌ وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ ۝

ওয়া নুনায্‌যিলু মিনাল্‌ ক্বুর-আনি মা- হুয়া শিফা---উওঁ ওয়া রাহ্মাতুল লিল্‌মু'মিনী-ন ।

যাতে মু'মিনদের রোগ মুক্তি ও শান্তি লাভ হয়

وَإِذَا مَرِضْتُ فَهُوَ يَشْفِينِ ۝

ওয়া ইযা- মারিদ্‌ তু ফাহুয়া ইয়াশ্‌ফী-ন ।

এবং আমি যখন রোগাক্রান্ত হই তখন তিনি আমাকে আরোগ্য দান করেন ।

قُلْ هُوَ الَّذِيْنَ آمَنُوا هُدًى وَشِفَاءٌ ۝

কুল্‌ হুয়া লিল্লাযী-না আ-মানু- হুদাওঁ ওয়া শিফা---- ।

(হে নবী) আপনি বলে দিন, এটা মুমিনদের জন্য রোগ মুক্তির ঐশ্ব্য এবং পথ প্রদর্শক ।

সূরা হাশরের শেষ তিন আয়াতের ফযীলত

সূরা হাশরের শেষ তিন আয়াত তেলাওয়াতের অনেক ফযীলত রয়েছে । তন্মধ্যে নিম্নে কয়েকটি বর্ণনা করা হলোঃ

১. যদি কোন ব্যক্তি নিয়মিত ফজর ও মাগরিবের নামাযের পর উক্ত আয়াত তিনটি তেলাওয়াত করে সকাল হতে সন্ধ্যা ও সন্ধ্যা হতে ভোর পর্যন্ত ৭০ হাজার ফেরেশতা তার গুনাহ্‌ ক্ষমার জন্য আল্লাহর নিকট প্রার্থনা করতে থাকেন । ২. এ তিনটি আয়াত তেলাওয়াতকারী ব্যক্তির কোন শত্রু থাকবেনা । সবাই ক্রমান্বয়ে বন্ধুতে পরিণত হবে । ৩. এ তিনটি আয়াত তেলাওয়াত করার শুরুতে আ'উযু বিল্লাহিস্‌ সামী'ইল 'আলীমি মিনাশ্‌ শায়ত্বায়ানির রাজীম সহকারে তিনবার তেলাওয়াত করলে আল্লাহর বিপুল পরিমাণ করুণা লাভ করা যায় ।

সূরা হাশরের

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ ۝

তিন আয়াত

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ, যিনি পরম দয়ালু, করুণাময়

هُوَ اللّٰهُ الَّذِیْ لَا اِلٰهَ اِلَّا هُوَ ۚ عَلِیْمُ الْغِیْبِ وَالشَّهَادَةِ ۝

হুয়াল্লা-হুল্লাযী- লা--- ইলা-হা ইল্লা- হুয়া; 'আ-লিমুল্‌ গায়বি ওয়াশ্‌শাহা-হিদাতি

তিনিই হন আল্লাহ, যিনি ব্যতীত অন্য কোন উপাস্য নেই; প্রত্যেক অপ্রকাশ্য ও প্রকাশ্যের জ্ঞাতা ।

هُوَ الرَّحْمٰنُ الرَّحِیْمُ ۝ هُوَ اللّٰهُ الَّذِیْ لَا اِلٰهَ اِلَّا هُوَ ۝

হুয়ার্‌ রাহ্মা-নুর রাহী-ম । হুয়াল্লা-হুল্লাযী- লা- ইলা-হা ইল্লা-; হুয়া

তিনিই হন মহা দয়ালু, করুণাময় । তিনিই হন আল্লাহ, যিনি ব্যতীত অন্য কোন উপাস্য নেই;

الْمَلِکُ الْقُدُّوسُ السَّلَامُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ

আল্‌মালিকুল্‌ ক্বুদ্দু-সুস্‌ সালা-মুল্‌ মু'মিনুল্‌ মুহায়মিনুল্‌

বাদশাহ্‌, অতি পবিত্র, শান্তিদাতা, নিরাপত্তা প্রদানকারী, রক্ষাকারী,

الْعَزِيزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ ط سُبْحَانَ اللَّهِ عَمَّا

‘আযী-যুল্ জাব্বা-রুল্ মুতাকাবিবর।

পরম সম্মানিত, মহান দম্ভশীল; তিনিই হন আল্লাহ,

يُشْرِكُونَ ۚ هُوَ اللَّهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ

সুব্বা-নালা-হি ‘আম্মা- ইয়ুশ্রিকু-ন। হুয়াল্লা-হুল্ খা-লিকুল্

যিনি সৃষ্টা, উদ্ভা নকতা রিপদাতা;

الْأَسْمَاءِ الْحُسْنَى ط يُسَبِّحُ لَهُ مَا فِي

বা-রিউল্ মুসোয়াভ্ভিরং লাহুল্ আস্মা----উল্ হুস্না- ইয়ুসাবিবহ

তাঁরই সব ভালো নাম। তাঁরই পবিত্রতা ঘোষণা করে যা কিছু

السَّمَوَاتِ وَالْأَرْضِ ۚ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ۝

লাহু- মা-ফিস্ সামা-ওয়া-তি ওয়াল্ আর্দি। ওয়া হুয়াল্ ‘আযী-যুল্ হাকী-ম।

আসমানসমূহ ও যমীনে রয়েছে এবং তিনিই সম্মান ও প্রজ্ঞাময়।

109

কলেমাসমূহ

কলেমা- ই ত্বাইয়েব

لَا إِلَهَ إِلَّا اللَّهُ مُحَمَّدٌ رَّسُولُ اللَّهِ

উচ্চারণ : লা-ইলা-হা- ইল্লাল্লা-হু মুহাম্মদুর রসুলুল্লাহ।

অর্থ : আল্লাহ ব্যতীত কোন উপাস্য নেই হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল।

কলেমা-ই শাহাদাত

